জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd


নং-০৫.৪৭.৫২০০.০০০.০২৪.৯৯.০০১৪.২৫- ২৭৮

তারিখঃ ২২ মাঘ, ১৪৩২
০৫ ফেব্রুয়ারি, ২০২৬

# গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশনের ২৭/০১/২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫(অংশ-২)-১০০ নং স্মারক ও সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের ০১/০২/২০২৬ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০১.২৬-৫২ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আগামী ১২/০২/২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট, ২০২৬ অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের নিমিত্ত সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থ্যাৎ ১১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা হতে ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| (১) ট্যাক্সি ক্যাব | (২) পিক আপ | (৩) মাইক্রোবাস | (৪) ট্রাক |

২) সেই সাথে ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

৩) উপরিল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবেঃ
(ক) আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;
(খ) জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য চিকিৎসা ও অনুরুপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;
(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরুপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়তের জন্য যে কোন যানবাহন;
(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১ টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে;
(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত যানবাহন/মোটর সাইকেল নির্বাচন কমিশন/রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে;
(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটরসাইকেল;
(ছ) টেলিযোগাযোগ সেবাকে জরুরি সেবা হিসেবে বিবেচনা করে বিটিআরসি এবং বিটিআরসি হতে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের যানবাহান এবং
(জ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় জরুরী প্রয়োজনে নিষেধাজ্ঞা শিথিল থাকবে।

৪) উক্ত নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫.২.২৬


(এইচ এম রকিব হায়দার)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোনঃ ০২৫৮৯-৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২০০.০০০.০২৪.৯৯.০০১৪.২৫-২৭৮/২(১১) তারিখঃ ২২ মাঘ, ১৪৩২ / ০৫ ফেব্রুয়ারি, ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২। সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। পুলিশ সুপার, লালমনিরহাট।
০৫। জেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট।
০৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), লালমনিরহাট (তাঁকে জরুরীভিত্তিতে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৭। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট (তাঁকে বিজ্ঞপ্তিটি জরুরীভিত্তিতে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৫.২.২৬

(এইচ এম রকিব হায়দার)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।